# ৬ষ্ঠ উপজেলা পরিষদের এপ্রিল-২০২৫ খ্রি: মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মাখন চন্দ্র সূত্রধর
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

তারিখ : ২২ এপ্রিল ২০২৫ খ্রিঃ।

সময় : বেলা ১২.০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নাম ও পদবি :- পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি পরিষদের সভায় সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে অদ্যকার সভার কাজ পরিচালনা করেন।

০২। অত:পর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। অতএব আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.০১ | কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ জানান, আউশ আবাদ লক্ষ্যমাত্রা ৯১৩০ হে: নির্ধারণ করা হয়েছে। আউশ প্রণোদনা কর্মসূচির আওতায় ৪২০০ জন কৃষক আনা হয়েছে। আউশ মৌসুমে প্রণোদনা দেওয়া হবে। সঠিক সময়ে বৃষ্টি হলে আউশ ধান চাষাবাদের লক্ষ্যমাত্রা পূরণ হবে। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার, বীজ ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। | কৃষিক্ষেত্রে সার্বিক তদারকি নিশ্চিত, প্রান্তিক ও গরীব কৃষকরা যাতে প্রণোদনা পায় এবং বোরো ধান যাতে কৃষকরা যথাযথভাবে সংগ্রহ করতে পারে সে বিষয়ে লক্ষ্য রাখতে উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি, কমলগঞ্জ জানান, উপজেলা এডিপি'র ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুতের কাজ চলছে। পিইডিপি-৪ এর আওতায় ২৩টি স:প্রা:বি: অতি: শ্রেনীকক্ষ নির্মাণ কাজ অনুমোদিত হয়েছে। তন্মধ্যে কার্যাদেশভুক্ত ২২টি বিদ্যালয়ের কাজ ১০০% সমাপ্ত। ১টির কাজ চলমান। গড় অগ্রগতি ৯৯%। উক্ত প্রকল্প হতে ৩৬টি বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মান কাজ অনুমোদিত হয় তন্মধ্যে ৩৫টি ১০০% সমাপ্ত। গড় অগ্রগতি ৯৬%। উক্ত প্রকল্প হতে অনুমোদনপ্রাপ্ত আরও ১টি বাউন্ডারী ওয়াল ও গেট নির্মান সহ উপজেলা রিসোর্স সেন্টার মেরামত কাজ ১০০% সমাপ্ত হয়েছে। উক্ত প্রকল্প হতে ২টি পর্যায়ে ৫টি বিদ্যালয়ের বড় ধরনের মেরামত কাজ ১০০% সমাপ্ত হয়। ১৩টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের জন্য আলাদা শ্রেনীকক্ষ নির্মান কাজের নাম অনুমোদিত হয়েছে। তন্মধ্যে শংকরপুর ও শমসেরনগর জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মান কাজ ১০০% সমাপ্ত। আরও ৫টি জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মান কাজের গড় অগ্রগতি ৭৫%। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩ টি সরকারি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ কাজ ১০০% সমাপ্ত হয়েছে। কাজের গড় অগ্রগতি ১০০%। মুন্সীবাজার স:প্র:বি অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান, ইসলামপুর ও রামপুর স:প্রা:বি: অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান কাজ চলমান। ৩টিতে গড় অগ্রগতি ৯২%। ২নং ভানুবিল সপ্রাবি বাউন্ডারী ওয়াল নির্মান কাজের অগ্রগতি ১০০%। চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩টি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ কাজ সমাপ্ত। | বিভাগীয় কার্যক্রম চলমান রাখার পাশাপাশি প্রাক্কলন অনুযায়ী সঠিকভাবে প্রকল্পসমূহ বাস্তবায়ন হয় সেজন্য তদারকি নিশ্চিত করা ও বার্ষিক উন্নয়ন কর্মসূচির টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- | --- |
| | | আইআরআইডিপি-৩ এর আওতায় ১১টি রাস্তা উন্নয়ন কাজ ১০০% সমাপ্ত। ২টি রাস্তা মেরামত কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। আইআরআইডিপি-৪ এর আওতায় আরও ২২টি রাস্তা উন্নয়ন ও ১টি বক্স কালভার্ট নির্মান কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সিলেট বিভাগের গুরুত্বপূর্ণ গ্রামীন অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৫টির প্রকল্পের মধ্যে ৩৪টি সমাপ্ত, ১টি ব্রীজ নির্মান সহ ১টি রাস্তা উন্নয়ন কাজ চলমান, গড় অগ্রগতি ৯৮.০৫%, অতিরিক্ত ৩টি নতুন রাস্তার প্রাক্কলন অগ্রগামী করা হয়েছে। ২০২১-২২ অর্থবৎসরে জিওবি অর্থায়নে গ্রামীন "সড়ক, সেতু ও কালভার্ট মেরামত/সংরক্ষন কর্মসূচী" এর আওতায় ১১টি প্রকল্পের কাজ ১০০% ও ২০২২-২৩ অর্থবৎসরে ৯টি প্রকল্পের কাজ ১০০%। ২০২৩-২৪ অর্থবৎসরে রাস্তার মেরামত কাজ ১০০% সমাপ্ত। ২০২৪-২৫ অর্থবৎসরে ১১টি রাস্তা জরুরী মেরামত কাজের মধ্যে ৯টি ১০০% সমাপ্ত, ২টির কাজ চলমান। গড় অগ্রগতি ৯২%। সিলেট বিভাগ গ্রামীণ এ্যাকসেস সড়ক উন্নয়ন (RARIP) প্রকল্পের আওতায় ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরে ৬টি উন্নয়ন কাজের মধ্যে ৪টি রাস্তা ১০০% সমাপ্ত, ১টি রাস্তা উন্নয়ন কাজ বাতিল হয়েছে এবং ১টি ব্রীজ নির্মান কাজ সমাপ্ত হয়েছে। "সারাদেশে পুকুর ও খাল উন্নয়ন প্রকল্প (IPCP)" এর আওতায় সর্বমোট ০৬টি পুকুর ঘাটলা নির্মান কাজ সমাপ্ত। তাছাড়া নতুন ১টি খাল খনন কাজ ১০০% সমাপ্ত হয়েছে। Program for Supporting Rural Bridge(SuRBP) এর আওতায় ৫টি ব্রীজের ক্ষুদ্র মেরামত কাজের অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের আওতায় ১০টি ব্রীজের বৃহৎ মেরামতের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। ২টি গার্ডার ব্রীজ নির্মান ও ১টি আরসিসি বক্স কালভার্ট নির্মান কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। "ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে কুরমাছড়া পাবসস এর অধীন ডালুয়াছড়া ডব্লিউআরএস নির্মান সহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। তাছাড়া লাঘাটাছড়া পাবসস এর অধীন দেওড়াছড়া ডব্লিউআরএস সহ ফ্ল্যাগশিপ নির্মান ও সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। গড় অগ্রগতি ৯৩%। "ঘূর্নিঝড় আম্পান ও বন্যায় ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পুনর্বাসন" প্রকল্পের আওতায় ৩টি প্যাকেজে (২+২+১)= ৫টি রাস্তা পুনর্বাসন কাজ সমাপ্ত। ১টি ব্রীজ নির্মান কাজের সয়েল টেষ্ট সম্পন্ন ও ১টি রাস্তা পুনর্বাসন কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২৪টি প্রকল্পের মধ্যে ২৪টির কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের ২য় পর্যায়ের ১০টি প্রকল্পের স্কীম ১০০% সমাপ্ত হয়েছে। তাছাড়া উক্ত প্রকল্পের ৩য় পর্যায়ের আওতায় ৬৩টির স্কীমের প্রস্তাব অগ্রগামী করা হয়েছে। নতুন ১টি কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। কাজের অগ্রগতি ৮০%। হাওর অঞ্চলে ডুবো সড়ক নির্মান প্রকল্পের আওতায় ১৪টি রাস্তা উন্নয়নে ২৫ কোটি তিপ্পান্ন লক্ষ টাকার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। "আমার গ্রাম আমার শহর কারিগরী সহায়তা প্রকল্প" এর আওতায় হাওর অঞ্চলের সড়ক সংযোগবিহীন ৯টি ইউনিয়নের ৫৭টি গ্রামের নামের তালিকা প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। 'গুরুত্বপূর্ন গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প: মৌলভীবাজার জেলা' শীর্ষক প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৯৯৭২.৭০ লক্ষ টাকার রাস্তা/ব্রীজ নির্মান ও মেরামত কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ডিপিপিভুক্ত হয়েছে। 'উপজেলা ইউনিয়ন ও গ্রাম সড়কে অনুর্ধ ১০০মি: দীর্ঘ ব্রীজ নির্মান শীর্ষক' প্রকল্প এর আওতায় ডিপিপি প্রনয়নের লক্ষ্যে অগ্রাধিকার ক্রমানুসারে ১৩টি ব্রীজের তালিকা ছকসহ এ্যাপ্রাইজাল ফরমেট অগ্রগামী করা হয়েছে। "কোর রোড নেটওয়ার্ক " এর আওতায় অত্র উপজেলার ৭টি রাস্তা সমন্বয়ে একটি কোর রোড উন্নয়ন কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। 2022-23 FY Component-Wise Flood Damage Assessment | | |

| ক্র:নং | বিভাগ/শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | of Rural infrastructure এর আওতায় ২০টি রাস্তা ডিপিপিভুক্ত হয়েছে। ২টি রাস্তার সমন্বয়ে ১টি প্যাকেজ কাজ চলমান। গড় অগ্রগতি ৮৭%। উক্ত প্রকল্পে নতুন ৫টি ব্রীজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। শীঘ্রই কাজ শুরু হবে। উপজেলা কমপ্লেক্সে অবস্থিত উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মান কাজ চলমান আছে। অগ্রগতি ৭৫%। উপজেলা প্রশাসনিক ভবনের ৪ তলার উপরে ৫ তলায় ডি-সেট সেন্টার নির্মান কাজ শুরু হয়েছে। কাজের অগ্রগতি ৮৫%। তিনি আরও বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে এডিপি টেন্ডার ইজিপিতে চলে এসেছে। শীঘ্রই টেন্ডার ড্র হবে। এছাড়া আদমপুর রোড সংস্কারের জন্য প্রাক্কলন তৈরিপূর্বক উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পাঠানো হয়েছে। | | |
| ৩.০৩ | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ সভাকে জানান, ৩য় পর্যায় টি.আর, কাবিখা-কাবিটার বরাদ্দ অনুযায়ী গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ৬৮ লক্ষ টাকা, গ্রামীণ অবকাঠামো সংস্কার- ৪৬ মে.টন চাল, গ্রামীণ অবকাঠামো সংস্কার - ৪৬ মে.টন গম, গ্রামীণ অবকাঠামো সংস্কার- ৮১ লক্ষ টাকা। উল্লেখিত বরাদ্দ উপজেলা কমিটিতে নীতিমালার আলোকে ২০% সংরক্ষিত রেখে বাকি ৮০% ০৯ (নয়)টি ইউনিয়ণ পরিষদের অনুকূলে জনসংখ্যা ও আয়তনানুসারে বিভাজন পূর্বক প্রকল্প তালিকা এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি জমা প্রদান করতে পত্র দেওয়া হয়েছে। উল্লেখিত প্রকল্পসমূহ জেলা কর্নধার কমিটির অনুমোদন স্বাপেক্ষে দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়ন করতে অনুরোধ জানানো হবে। তিনি আরও বলেন, আসন্ন বন্যার পূর্বপ্রস্তুতি উপলক্ষে সকল ইউনিয়ন পরিষদ থেকে মাঝির তালিকা ও স্বেচ্ছাসেবকের তালিকা প্রতি ওয়ার্ডে ১০ জন করে দেওয়ার জন্য বলেন। এছাড়া চলমান প্রকল্পের বরাদ্দের বিষয়গুলো সতর্কের সহিত যাচাই-বাছাই করে উপযুক্ত স্থানে প্রকল্প গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। তিনি বলেন, বন্যায় অনেক মাটির রাস্তা নষ্ট হয়ে যায়। তাই মাটির রাস্তার প্রকল্প না নিয়ে ইট সলিং ও গাইড ওয়ালের প্রকল্প নেওয়ার সুপারিশ করেন। এছাড়া ৩য় পর্যায়ে বরাদ্দ বন্টনের পত্র পাওয়া গিয়েছে। ইউনিয়ন পরিষদ থেকে তালিকা প্রদান করলে সংযুক্ত করে তালিকা জেলাতে পাঠানো হবে মর্মে সভায় জানান। | বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি কাবিখা-কাবিটা খাতের বরাদ্দের সুষ্ঠু বন্টন ও বর্ষার আগে মাটির কাজ সঠিক তদারকির মাধ্যমে সম্পন্ন করতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, হাসপাতাল বহি:বিভাগ, অন্ত:বিভাগ এবং মাঠ পর্যায়ে স্বাস্হ্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মার্চ/২০২৫ খ্রিঃ মাসের পারফর্মেন্স:<br>ক) নিরাপদ ডেলিভারীর সংখ্যা----------------------- ৫০ জন।<br>খ) মোট ভর্তিকৃত গর্ভবতীর সংখ্যা-------------------- ৫০ জন।<br>গ) অন্ত:বিভাগে মোট ভর্তিকৃত রোগীর সংখ্যা----------- ৮৩৭ জন<br>ঘ) বহি:বিভাগে মোট ভর্তিকৃত রোগীর সংখ্যা----------- ২১৪৬ জন<br>ঙ) জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা--------- ১২৯২ জন।<br>চ) ই.পি.আই কভারেজ মার্চ/২৫ খ্রিঃ মাসে ৮%।<br>এছাড়া চক্ষু রোগিদের জন্য বিনামূল্যে চক্ষুসেবা চলমান রয়েছে। কিশোর-কিশোরীদের জন্য স্বাস্থ্য সেবা চলমান। টেলিমেডিসিন স্বাস্থ্য সেবা চলমান। উপজেলা পর্যায়ে পাবলিক পরীক্ষা ও বিভিন্ন সরকারি অনুষ্ঠানে মেডিকেল টীম কার্যক্রম চলমান। মাঠ পর্যায়ে জরুরি স্বাস্থ্য সমস্যা মোকাবেলার জন্য ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য সেবা কার্যক্রম চলমান আছে। সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম জোরদার করা হইয়াছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা, রোগিদের যাতে ভোগান্তি না হয় সে জন্য হাসপাতালে সার্বক্ষনিক ডাক্তার উপস্থিতি নিশ্চিত করা, জরুরি সেবায় এ্যাম্বুলেন্স সার্বক্ষণিক উপস্থিত থাকার পাশাপাশি নিরবিচ্ছিন্ন সেবা প্রদান করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে জানা যায়, মার্চ/২০২৫ খ্রিঃ মাসের অগ্রগতি প্রতিবেদন পেশ করেন। তিনি বলেন, স্থায়ী পদ্ধতিঃ ০৫ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতিঃ আইইউডি= ০৭ জন, ইমপ্লান্ট= ৫৪ জন। অস্থায়ী পদ্ধতিঃ খাবার বড়ি= ১৫৭ জন, ইনজেকটেবলস= ৫৯ জন, কনডম= ৫৭ জন, সাধারন রোগি = ৬৫৬ জন। সিএআর- ৬৮.৫০%। | নিরাপদ ও সচেতনতামূলক সেবা প্রদান, সাব সেক্টরগুলোতে দ্রুত সেবা প্রদান নিশ্চিত করতে ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রকে রোগীদের সেবার উপযোগী ও পর্যাপ্ত ঔষধ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৬ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। সভাপতি, উপজেলা পরিষদ সভা, কমলগঞ্জ জানান, মাসভিত্তিক উপজেলা যুব উন্নয়ন বিভাগের দাপ্তরিক কার্যক্রম সভায় অবহিত করতে আগামী মাসের পরিষদ সভায় তথ্য-উপাত্তসহ কার্যপত্র দাখিলের জন্য বলেন। | বিধি মোতাবেক ঋণ প্রদান ও কিস্তি আদায় সুষ্ঠুভাবে পরিচালনা নিশ্চিত করতে এবং সার্বিক কার্যক্রম সভায় তুলে ধরতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জ জানান, ওএমএস টিসিবি : অত্র কমলগঞ্জ উপজেলায় ০৯টি ইউনিয়ন কমলগঞ্জ পৌরসভা ওএমএস টিসিবি মাধ্যমে ৪০২৯ জন প্রতি ৫ কেজি করে ৩০/- টাকা দরে চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে এবং কমলগঞ্জ পৌরসভা ওএমএস কার্যক্রম বর্তমানে ০২টি কেন্দ্রে ৫ কেজি করে ৩০/- টাকা দরে ওএমএস কার্যক্রম চলমান রয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচি অনুযায়ী অত্র কমলগঞ্জ উপজেলায় ০৯টি ইউনিয়নে ৫৩৩৩ টি কার্ডের মাধ্যমে উপকার ভোগীর মধ্যে জন প্রতি ৩০ কেজি করে চাল বিতরণ করা হয়েছে। সভাপতি, উপজেলা পরিষদ সভা, কমলগঞ্জ জানান, তিনি আরও বলেন, খাদ্য গুদামের বিতরণকৃত চাল ভালো মানের নয়। চালের গুনগত মান ভালো নয় উল্লেখ করে দায়িত্বপ্রাপ্ত মিলারের বিষয়ে লিখিত রিপোর্টে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য বলেন। এছাড়া মূর্তিঙ্গা চা বাগানে বিতরণের জন্য ভালো মানের ও সঠিক মাপ নিশ্চিতপূর্বক ৩০ টন চাল বিতরণ করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য বলেন। | ওএমএস টিসিবি ও খাদ্যবান্ধব কর্মসূচি সুশৃঙ্খলভাবে সম্পন্ন করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে ও বিগত তালিকাগুলো সংশোধন এবং যাচাই বাছাই করে নতুন উপকারভোগী গ্রহণ করতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জকে অনুরোধ করা হল। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জ। |
| ৩.০৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ জানান, ২০২৫ সনের বিভিন্ন শ্রেণির জন্য ইতোমধ্যে শতভাগ বই পাওয়া গিয়াছে এবং শতভাগ বই বিতরণ করা হয়েছে ২৬ শে মার্চ ২০২৫ স্বাধীনতা দিবস পালনের জন্য মন্ত্রনালয়/অধিদপ্তর প্রাপ্ত নির্দেশনা ও উপজেলা প্রশাসনের সংগে সমন্বয় করে বিদ্যালয়ে পালন করা হয়েছে। উপজেলা শিক্ষা অফিসের অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও বলেন মাধবপুর মাঝেরছড়া প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার পার্শ্ব রাস্তাটি বন্যায় ভেঙ্গে গেছে। সংশ্লিষ্ট চেয়ারম্যানের মাধ্যমে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে প্রকল্পটির নাম দেওয়ার জন্য বলেন। | সুষ্ঠু কার্যক্রম গ্রহণের পাশাপাশি সার্বিক বিষয়ে তদারকি নিশ্চিত করতে ও সহকারী শিক্ষা অফিসারের শুন্যপদ পূরণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ। |
| ৩.০৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। সভাপতি, উপজেলা পরিষদ সভা, কমলগঞ্জ জানান, মাসভিত্তিক মাধ্যমিক শিক্ষা বিভাগের দাপ্তরিক কার্যক্রম সভায় অবহিত করতে আগামী মাসের পরিষদ সভায় তথ্য-উপাত্তসহ কার্যপত্র দাখিলের জন্য বলেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও মাধ্যমিক বিদ্যালয়গুলোর জন্য প্রাপ্ত বইগুলো সঠিকভাবে বন্টন এবং তদারকি নিশ্চিত করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ। |

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.১০</td><td>উপজেলা মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ জানান, ধলাই নদীতে বিষ প্রয়োগে মাছ মারা হয়। এ বিষয়ে কমলগঞ্জ থানাকে জানানো হয়েছে। এছাড়া কমলগঞ্জে বিভিন্ন লেক রয়েছে যা মাছের অভয়াশ্রম। জুলাইয়ের পর মাছের পোনা আসবে। উপজেলা প্রশাসনের মাধ্যমে বিতরণ করা হবে মর্মে সভায় জানান।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করা ও সুষ্ঠুভাবে পরিচালনা করতে এবং ধলাই নদীতে কে বা কারা বিষ প্রয়োগ করে সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১১</td><td>পল্লী উন্নয়ন বোর্ড</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। সভাপতি, উপজেলা পরিষদ সভা, কমলগঞ্জ জানান, মাসভিত্তিক পল্লী উন্নয়ন বোর্ডের দাপ্তরিক কার্যক্রম সভায় অবহিত করতে আগামী মাসের পরিষদ সভায় তথ্য-উপাত্তসহ কার্যপত্র দাখিলের জন্য বলেন।</td><td>বিধি মোতাবেক বিভাগীয় ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১২</td><td>সমবায় বিভাগ</td><td>সভায় উপজেলা সমবায় অফিসার, কমলগঞ্জ জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। সভাপতি, উপজেলা পরিষদ সভা, কমলগঞ্জ জানান, মাসভিত্তিক সমবায় বিভাগের দাপ্তরিক কার্যক্রম সভায় অবহিত করতে আগামী মাসের পরিষদ সভায় তথ্য-উপাত্তসহ কার্যপত্র দাখিলের জন্য বলেন।</td><td>বিধি মোতাবেক বিভাগের কার্যক্রম ত্বরান্বিত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা</td></tr>
<tr><td>৩.১৩</td><td>প্রাণিসম্পদ বিভাগ</td><td>সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান,
<table>
<tr><th>কার্যক্রমের নাম</th><th>মার্চ/২০২৫খ্রিঃ মাসের কার্যক্রম</th><th>জুলাই/২০২৪খ্রঃ হতে ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>টিকা প্রদান (গবাদি পশু)</td><td>১১৮০</td><td>৬৯৯৬০</td></tr>
<tr><td>টিকা প্রদান (হাঁস-মুরগী)</td><td>১৮৪০০</td><td>২০১০১৯</td></tr>
<tr><td>চিকিৎসা প্রদান (গবাদি পশু)</td><td>২২৮৯</td><td>১৮৬৫২</td></tr>
<tr><td>চিকিৎসা প্রদান (হাঁস-মুরগী)</td><td>১৮৯৫৬</td><td>১২১১০১</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজনন</td><td>৫০</td><td>২০৫৮</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজননে বাচ্চা উৎপাদনের সংখ্যা</td><td>১১০</td><td>৮৪৭</td></tr>
<tr><td>উঠান বৈঠক</td><td>৭</td><td>৫৯</td></tr>
<tr><td>উঠান বৈঠক অংশ গ্রহনকারীর সংখ্যা</td><td>১০৬</td><td>৮৩৫</td></tr>
<tr><td>প্রশিক্ষণ(মাংস প্রক্রিয়া জাতকারী)</td><td>-</td><td>৪০</td></tr>
<tr><td>প্রশিক্ষণ (সিআইজি খামারী)</td><td>২১৮</td><td>৪৪৮</td></tr>
<tr><td>স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ(একর)</td><td>১১.৯</td><td>৩১.৪</td></tr>
<tr><td>খামার /ফিডমিল/হ্যাচারী পরিদর্শণ(সংখ্যা)</td><td>১৩</td><td>৯৯</td></tr>
<tr><td>দুধ উৎপাদন (মেট্রিক টন)</td><td>৮০৭.৭৬</td><td>১৩৫০৪.২৬</td></tr>
<tr><td>ডিম উৎপাদন (লক্ষ)</td><td>৬১.০০</td><td>৩৩৬.২৭</td></tr>
<tr><td>মাংস উৎপাদন (মেট্রিক টন)</td><td>২৪২৭.৯৫</td><td>১৪৩১৫.৬২</td></tr>
</table>
তিনি আরও বলেন, সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবন মান উন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় সুফলভোগীদের মধ্যে গবাদিপশু ও হাঁস-মুরগি বিতরণ কার্যক্রম চলছে। পবিত্র ঈদ-উল- আযহা উপলক্ষে গবাদি প্রাণি হৃষ্টপুষ্টকরণ খামারীদের তালিকা করা হয়েছে। ইউনিয়ন ওয়ারী সংশ্লিষ্ট চেয়ারম্যানদের সহযোগিতায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠিদের মধ্যে বকনা, হাঁস ও মুরগি বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া আসন্ন কোরবানীর ঈদে বিক্রির জন্য গবাদিপশুকে মোটাতাজা করার জন্য খামারীরা যাতে ক্ষতিকর মেডিসিন না খাওয়ায় সে বিষয়ে নির্দেশনা দেওয়া হয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম ত্বরান্বিত করা ও ২০২৪-২৫ অর্থবছরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠির প্রকল্পের ষাঁড়/বকনা ও হাঁস-মুরগির বরাদ্দের নীতিমালা অনুযায়ী সুষ্ঠু বন্টন নিশ্চিত করতে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জকে অনুররোধ করা হয়।<br><br>বিস্তারিত যাচাই-বাছাই ও আলোচনান্তে উক্ত ভবনটি নিলামে বিক্রির প্রাক্কলনটি সর্বসম্মতভাবে অনুমোদন করা হয় এবং প্রাক্কলনটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১৪</td><td>বন বিভাগ</td><td>ক) সভায় রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ জানান, মার্চ-২০২৫ মাসে অভিযানে কোন ধরণের মালামাল বা কোন ব্যক্তি আটক করা হয়নি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। টহল জোরদার করা হয়েছে।</td><td>অবৈধ গাছ ও বাঁশ কাটার বিরুদ্ধে বন বিভাগের কার্যক্রম অব্যাহত রাখতে রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>ক) রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ<br>খ) চেয়ারম্যান, সকল ইউপি।</td></tr>
</table>

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১৫ | সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি, কমলগঞ্জ জানান, আর.এস.এস.সুদমুক্ত ঋণ বিনিয়োগ আদায় = ৬৫১০০/-,পুন:নিয়োগ=২,৫৬,২৫০/-, মাতৃকেন্দ্র ঋণ বিনিয়োগ আদায়= ৬৫,১০০/-, সুবর্ন নাগরিক কার্ড বিতরণ = ৪০ জন। প্রতারক চক্র বিভিন্ন প্রকার ভাতাভোগীদের ফোন দিয়ে মোবাইলের পিন নাম্বার জানতে চায় ও তাদের কে বিভিন্ন প্রলোভন দেখিয়ে সহজ সরল মানুষের কাছ থেকে পিন নাম্বার নিয়ে নেয়। এ ব্যাপারে মানুষকে সচেতন করা প্রয়োজন। ২০২৪-২৫ অর্থ বছরের চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির তালিকা বিভিন্ন চা বাগান থেকে এসেছে। বয়স্ক ভাতা, বিধবা/স্বামী পরিত্যাক্তা মহিলা ভাতা ও প্রতিবন্ধী ভাতার কাজ চলমান রয়েছে। | আলোচ্য বিষয়ে সঠিক উপকারভোগীদের সেবা নিশ্চিতে তদারকি ও প্রচারের মাধ্যমে ভাতাভোগীদের প্রতারক চক্র থেকে সচেতন থাকা ও ভাতার তালিকা যাচাই বাছাই করে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.১৬ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম এর ২০২৫-২৬ চক্র বাস্তবায়নে ইউনিয়নওয়ারী বিদ্যমান কার্ড সংখ্যা অনুযায়ী উপকারভোগী নির্বাচনের নিমিত্ত অনলাইনে আবেদন করার জন্য নির্ধারিত সফটওয়্যার খুলে দেওয়ার পরও নির্বাচন কমিশন সার্ভার থেকে আবেদনকারীদের আইডি কার্ডের লিংক না পাওয়ার কারণে অনলাইন আবেদন করা সম্ভব হচ্ছে না। অধিদপ্তর থেকে জানানো হয়েছে যে, এ বিষয়ে কাজ করা হচ্ছে এবং কাজ সমাপ্ত হলেই আবেদন করা যাবে। অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় পৌরসভায় ০৯ জন করে (প্রতি ওয়ার্ডে ০১ জন) এবং প্রতিটি ইউনিয়নে ০৯ জন করে ফেব্রুয়ারি/২০২৫ মাসের উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং মার্চ/২০২৫ মাসের উপকারভাগী নির্বাচন প্রক্রিয়া ৬০% সম্পন্ন হয়েছে। বিগত ২৩/০৩/২০২৫ খ্রি: তারিখ হতে উক্ত কর্মসূচির অনলাইন ভিত্তিক সফটওয়ার বন্ধ থাকায় মার্চ/২০২৫ খ্রি: মাসের বাকি ৪০% এবং এপ্রিল/২০২৫ খ্রি: মাসের উপকারভোগী নির্বাচন করা সম্ভব হয়নি। অধিদপ্তর থেকে উক্ত সফটওয়ার চালু করা হলেই ইউনিয়ন পরিষদের আইডি'র মাধ্যমে উপকারভোগীদের অনলাইন ভিত্তিক আবেদন করত: দ্রুত উপজেলায় প্রেরণ করার জন্য পৌরসভা প্রশাসক/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের আওতায় উপজেলাধীন ১০ টি ক্লাবের চলমান রয়েছে। মার্চ/২০২৫ খ্রি. মাসে উপজেলা কমিটিতে নারী নির্যাতন সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায়নি এবং কোর্ট থেকেও কোন মামলা পাওয়া যায়নি। মার্চ/২০২৫ মাসে কোন বাল্যবিবাহের অভিযোগ পাওয়া যায় নি তিনি আরও বলেন, ভিডব্লিউবি এর অনলাইন আবেদন শুরু হয়েছে। অনলাইন সার্ভারে মাঝেমধ্যে সমস্যা হচ্ছে। সভাপতি, উপজেলা পরিষদ,কমলগঞ্জ জানান, যেসব উপকারভোগীদের ভাতা দেওয়া হচ্ছে তাদের তালিকা যাচাই করে যারা মারা গেছে ও যাদের অবস্থার উন্নতি হয়েছে তাদের নাম সংশোধনপূর্বক তালিকা থেকে বাদ দিয়ে নতুন উপকারভোগী নির্বাচনের জন্য বলেন। | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সুষ্ঠু তদারকি নিশ্চিত করতে এবং তালিকা যাচাই বাছাই করে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.১৭ | জনস্বাস্থ্য বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কমলগঞ্জ জানান, বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পূর্ণ-নির্মাণের জরুরি সহায়তা শীর্ষক প্রকল্প এর আওতায় ৪০টি গভীর নলকূপ এবং ০২টি পাবলিক টয়লেটের বরাদ্দ রয়েছে। বরাদ্দকৃত পানির উৎসের স্থান মুখবন্ধ অনুযায়ী তালিকাকরণ করা হয়েছে এবং দুইটি পাবলিক টয়লেটের স্থান যথাক্রমে ক) হালিমা বাজার যাত্রী ছাউনি খ) আহমেদনগর দাখিল মাদ্রাসা, পতনউষার বাছাইপূর্বক তালিকাভূক্তকরণ করা | আলোচ্য বিষয়সমূহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও তদারকি নিশ্চিতকরণ এবং ২০২৪-২৫ অর্থবছরের বরাদ্দকৃত গভীর নলকূপের | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | হয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের টিএসপি এবং ০৬ নং গভীর নলকূপের স্থাপনের কাজ চলমান রয়েছে এবং রহিমপুর ইউনিয়নে সিদ্ধেশ্বরপুর গ্রামে " রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম" (পরীক্ষামূলক নলকূপ, উৎপাদক নলকূপ, পাম্প হাইজ, ওভার হেড ওয়াটার ট্যাংক ও অন্যান্য কাজসহ) পরীক্ষামূলক নলকূপ এর কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ ও এনএনজিপিএস প্রকল্পের আওতায় কমলগঞ্জ উপজেলার ২২ টি ওয়াশব্লক যথাক্রমে জগন্নাথপুর সপ্রাবি, হোমেরজান সপ্রাবি, কুরমাঘাট সপ্রাবি, ভানুবিল-২ সপ্রাবি, হকতিয়ারখোলা সপ্রাবি, জিকে সপ্রাবি, গংগানগর সপ্রাবি, মূর্তিঙ্গা চা বাগান সপ্রাবি, রুপসপুর সপ্রাবি, রাজদিঘীর পাড় সপ্রাবি, বৃন্দাবনপুর সপ্রাবি, ছয়ছিড়ি বিষ্ণুপুর সপ্রাবি, মহেন্দ্র কুমার সপ্রাবি, সরিষকান্দি সপ্রাবি, সুনছড়া সপ্রাবি, বড়চেগ-২ সপ্রাবি, বনবিষ্ণুপুর সপ্রাবি, মাঝেরছড়া সপ্রাবি, রামচন্দ্রপুর সপ্রাবি, করিমপুর সপ্রাবি, চেরারপাড় সপ্রাবি এবং ইসলামপুর সপ্রাবি এর ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। | তালিকা প্রাপ্তি সাপেক্ষে দ্রুত কাজ শুরু করতে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | |
| ৩.১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জ সভাকে জানান, মার্চ/২০২৫ খ্রি: মাসের নতুন সংযোগ- ২৮৮ টি, পুন: সুযোগ- ১৯৫ টি, অভিযোগ গ্রহণ/নিরসন- ৩৯৬ টি, বিতরণ লাইন রক্ষণাবেক্ষণ (কি:মি:)- ৯৮ কি: মি:। মার্চ/২০২৫ খ্রি: মাসে ০৫ টি ট্রান্সফরমার নতুন স্থাপন এবং ০২ টি ট্রান্সফরমার আপগ্রেড করা হয়েছে। মানসম্মত বিদ্যুৎ সরবরাহের স্বার্থে এলটি লাইনকে এইচটি লাইনে রুপান্তর এবং অনেক পুরাতন এইচটি লাইনকে আপগ্রেড করার কাজ চলমান রয়েছে। অত্র জোনাল অফিসের আওতাধীন সকল বৈদ্যুতিক লাইনে রক্ষণাবেক্ষণ কাজ ও লাইন সংলগ্ন গাছের ডালপালা ছাটাইয়ের কাজ চলমান রয়েছে। এমতাবস্থায় কোন কোন এলাকায় বিদ্যুৎ বন্ধ থাকতে পারে। পল্লী বিদ্যুতায়ন কাজে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। এছাড়া অত্র অফিসের আওতাভূক্ত বিভিন্ন গ্রামে বিতরণ লাইন থেকে ট্রান্সফরমার চুরির প্রবণতা বৃদ্ধি পেয়েছে। উক্ত চুরি রোধকল্পে আইন শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা এবং গ্রাহক সস্যবৃন্দের সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে বিভিন্ন প্রতিষ্ঠানসহ সকলের সহযোগিতা কামনা করেন। আমরা সব সময় নির্ভরযোগ্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করে গ্রাহকের সন্তুষ্টি অর্জন করতে চাই। এ লক্ষ্যে আমরা অঙ্গীকারবদ্ধ। এ বিষয়ে সরকার প্রধান বিবৃতি প্রদান করেছেন। আমারে বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী/কৃচ্ছ্রতা সাধনের জন্য অনুরোধ করেছেন। বিদ্যুৎ পরিস্থিতির বিবেচনায় আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি। দিনের আলোতে অফিসের কাজ-কর্ম ও দোকান-পাঠ/সামাজিক অনুষ্ঠান সম্পন্ন করণসহ বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে অনুরোধ করা হলো। সভাপতি, উপজেলা পরিষদ,কমলগঞ্জ জানান, বিগত মেয়রের সময়ে কমলগঞ্জ পৌরসভার প্রায় ১৪ লক্ষ টাকা বিদ্যুৎ বিল বকেয়া ছিল। এ বিষয়ে পল্লী বিদ্যুৎ বিভাগ গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিলে এত বকেয়া থাকত না মর্মে সভায় জানান। পৌরসভার বকেয়া মাসভিত্তিক পরিশোধ করা হবে মর্মে সভায় জানান। ডিজিএম,পল্লী বিদ্যুৎ বলেন, ঝড়-বৃষ্টিতে বিদ্যুৎ লাইন ছিড়ে ০১ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। আগে এলাকায় জানিয়ে বিদ্যুৎ লাইনের উপরের বাঁশ ও গাছের ডালপালা ছাঁটাই করতে বলেন। ঝড় বৃষ্টিতে বিদ্যুৎ বিভ্রাটে সকলকে ধৈর্য ধারার জন্য জনপ্রতিনিধিদের সহযোগিতা চান। | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক গ্রাহক সেবা নিশ্চিত করতে, ট্রান্সমিটার চুরি প্রতিরোধে ও বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে গ্রাহকদের সচেতনতার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, কমলগঞ্জ |
| ৩.১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা শাখা ব্যবস্থাপক জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পল্লী সঞ্চয় ব্যাংক: মার্চ/২০২৫ খ্রি: মাসে পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম: সমিতি গঠন- ২২৭ টি, সদস্য অন্তর্ভূক্তি- ৯৪৫৬ জন, সম্পদের মূল্য আদায় -৪.৩২, সঞ্চয় জমা ক্রমপুঞ্জিত-৪০১.০২, ঘূর্ণায়মান তহবিল প্রাপ্তি- ৫৯৩.০৯, সঞ্চয় প্রণোদনা | শাখা ব্যবস্থাপক উপস্থাপন ও বিধি মোতাবেক ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় জমা নিশ্চিত করবেন। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কমলগঞ্জ। |

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>প্রাপ্তি- ২৩৪.৯০, ঋণ বিতরণ চলতি বছরে- ৪৮১.৯৪, ঋণ আদায় চলতি বছরে ৪৬৩.৯৪।</td><td></td><td></td></tr>
<tr><td>৩.২০</td><td>পল্লী জীবিকায়ন প্রকল্প</td><td>উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা, কমলগঞ্জ জানান,
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরন</th><th>মাসে অর্জন</th><th>অর্থ বছরে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>দল গঠন</td><td>১ টি</td><td>০৩টি</td><td>৪৬ টি</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>০০ জন</td><td>২২ জন</td><td>৬০১ জন</td></tr>
<tr><td>৩</td><td>সঞ্চয় আদায়</td><td>০.৭০</td><td>৫.৭৪</td><td>৩৭.৯৩</td></tr>
<tr><td>৪</td><td>ক্ষুদ্র ঋণ বিতরন</td><td>২.৯০</td><td>৩৪.১০</td><td>১৬৩.২৫</td></tr>
<tr><td>৫</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরন</td><td>৫.৫০</td><td>৫৭.০০</td><td>২১৪.৭৫</td></tr>
<tr><td>৬</td><td>ক্ষুদ্র ঋণ আদায়</td><td>৪.৩৬</td><td>২৯.০২</td><td>১২০.১৯</td></tr>
<tr><td>৭</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়</td><td>৭.৮৬</td><td>৫২.০৮</td><td>১২৯.৫৭</td></tr>
<tr><td>৮</td><td>সুফলভোগীদের প্রশিক্ষন প্রদান</td><td>০০</td><td>৮০জন</td><td>৬৪০ জন</td></tr>
<tr><td>০৯</td><td>জীবিকায়ন শিল্প পল্লী গঠন</td><td>০০</td><td>০০</td><td>০২</td></tr>
</table></td><td>বিধি মোতাবেক ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম সুষ্ঠ তদারকির মাধ্যমে চলমান রাখতে উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ)</td></tr>
<tr><td>৩.২১</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান, সদর দপ্তর কর্তৃক প্রেরিত সময়সূচি অনুযায়ী বিভিন্ন রকমের মাসকলাই, মুলা, খেজুর, গোলাপ ফুল, রজনী, কমলা লেবু, জলপাই, খেসারি, মাসিক কৃষি মজুরি, গম ফসলের পূর্বাভাস (অংশ-০২) আলু ফসলের আনুমানিক হিসাব তথ্যপ্রদানসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২২</td><td>[illegible] কেন্দ্র</td><td>তথ্য সেবা কর্মকর্তা জানান, মার্চ/২০২৫ মাসে তথ্যকেন্দ্রে মোট সেবাগ্রহীতার সংখ্যা [illegible] জন, ডোর টু ডোর এ মোট সেবাগ্রহীতার সংখ্যা ৭২৭ জন, উঠান বৈঠকের সংখ্যা ০৩ টি, উঠান বৈঠকে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ১৫০ জন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা ০ জন, ভিডিও প্রদর্শন- ০টি। তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। উঠান বৈঠক ও ডোর-টু-ডোর সেবা কার্যক্রম [illegible] যাওয়া হচ্ছে। তথ্যকেন্দ্রে যারা আসছে তাদেরকে তথ্যকেন্দ্র ভিত্তিক সেবাসহ প্রাথমিক স্বাস্থ্য সেবা হচ্ছে। উঠান বৈঠক গত মাসে হয়নি। এছাড়া বিভিন্ন ভাতার অনলাইন আবেদন চলমান রয়েছে। ভিজিডির অনলাইন আবেদনের জটিলতা নিরসন হলে আবেদন চলমান থাকবে।</td><td>সহযোগিতার মাধ্যমে সেবাগ্রহীতাদের সেবা নিশ্চিত করা ও ডোর টু ডোর সেবা প্রদান নিশ্চিত করার জন্য তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২৪</td><td>বিভিন্ন রাজস্ব ব্যয়</td><td>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত বিষয়ে ব্যয় নির্বাহের জন্য সভায় আলোচনা করা হয়।
<table>
<tr><th>বিষয়</th><th>মোট ব্যয়ের পরিমাণ</th><th>ব্যয়ের খাত</th></tr>
<tr><td>উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সকল জায়গার নিরাপত্তার জন্য পুরাতন সিসি ক্যামেরা মেরামত ও নতুন স্থাপন</td><td>২,০০,০০০/-</td><td>ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়</td></tr>
<tr><td>উপজেলা পরিষদের ড্রেন, ঝোপঝাড় পরিস্কার-পরিচ্ছন্ন করা</td><td>৩০,০০০/-</td><td>বর্জ ব্যবস্থাপনা/ পরিস্কার পরিচ্ছন্নতা</td></tr>
<tr><td>উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত</td><td>৪৫,০০০/-</td><td>আসবাবপত্র মেরামত</td></tr>
</table></td><td>আলোচনান্তে উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ।</td></tr>
</table>

অত:পর  সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি অত্র সভায় গৃহীত সিদ্ধান্তের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করার পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৫/০৫/২০২৫
(মাখন চন্দ্র সূত্রধর)
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কমলগঞ্জ, মৌলভীবাজার।

স্মারক নং-০৫.৪৬.৫৮৫৬.০০২.০২.০৩৮.২৫-৫৬৫

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ / ০৫ মে ২০২৫

অনুলিপি: সদয় অবগতির জন্য।

০১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৪) পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫) জেলা প্রশাসক, মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

০৬) উপজেলা.......................................কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার ।
০৭) চেয়ারম্যান,-------------------------------------- ইউ. পি. (সকল) কমলগঞ্জ, মৌলভীবাজার ।
০৮) জনাব/বেগম---------------------------------------

০৫/০৫/২০২৫
(মাখন চন্দ্র সূত্রধর)
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসের মাসিক সমন্বয় সভার হাজিরা (১৫)

Date : ২২/০৪/২০২৫ খ্রিঃ

| ক্রঃ নং, | নাম ও পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- |
| ০১. | জনাব মাধব চন্দ্র সূত্রধর, প্রশাসক, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ সভা কমলগঞ্জ - | |
| ০২. | চেয়ারম্যান প্রতিনিধি, ০১ নং, রহিমপুর ইউপি - | |
| ০৩. | চেয়ারম্যান, ০২ নং, পতনঊষার ইউপি → | |
| ০৪. | চেয়ারম্যান, ০৩ নং, মুন্সীবাজার ইউপি → | |
| ০৫. | চেয়ারম্যান প্রতিনিধি, ০৪ নং, শমশেরনগর ইউপি - | |
| ০৬. | চেয়ারম্যান প্রতিনিধি, ০৫ নং, কমলগঞ্জ সদর ইউপি - | |
| ০৭. | চেয়ারম্যান প্রতিনিধি, ০৬ নং, আলীনগর ইউপি - | |
| ০৮. | চেয়ারম্যান, ~~প্রতিনিধি~~, ০৭ নং, আদমপুর ইউপি - | ২২/০৪/২৫ |
| ০৯. | চেয়ারম্যান প্রতিনিধি, ০৮ নং, মাধবপুর ইউপি - | ২২/৪/২০২৫ |
| ১০. | চেয়ারম্যান প্রতিনিধি, ০৯ নং, ইসলামপুর ইউপি - | |
| | বিভাগীয় কর্মকর্তাবৃন্দের নাম ও পদবী | |
| ১১. | প্লাবন পাল, পি.আই.ও | |
| ১২ | মো: জুয়েল রানা ফরেস্টার/বন বিভাগ | |
| ১৩. | মুহাম্মদ সাইফুল ইসলাম, [illegible] | |
| ১৪. | মো: তৌহিদুল ইসলাম নাঈম ([illegible] কর্মকর্তা) [illegible] | |
| ১৫. | শচীন্দ্র কুমার সিংহ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | |

Date : ..................................................

| | | |
|---|---|---|
| ২৬ | ইকবাল আলী, এ এস এ, পরিসংখ্যান অফিস | |
| ২৭ | আবু সালেহ মো: ফকির পরিবার পরিকল্পনা অফিসার | ফকির |
| ২৮ | [illegible] | |
| ২৯ | মো: মাহফুজুর রহমান সিদ্দিকী, উপজেলা মৎস্য কর্মকর্তা | ২২/০৮/২৫ |
| ৩০ | মো: [illegible] ইসলাম BM, PSB | |
| ৩১ | [illegible], উপজেলা শিক্ষা অফিসার | ২২.৮.২৫ |
| ৩২ | আমিনা ইসলাম মো, তথ্যআপা, প্রকল্প | ২২.৮.২৫ |
| ৩৩ | খালিদা আক্তার, উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক | |
| ৩৪. | মধুছন্দা দাস, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | |
| ৩৫. | ডা. রঞ্জন চন্দ্র দে, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | |
| ৩৬ | ডা. মুহাম্মদ মাহমুদুল হাসান ভূঁইয়া, UH&FPO | |
| ৩৭ | জয়ন্ত কুমার রায়, UAO | |
| ৩৮ | মো: [illegible] রহমান, UDF, UGDP | |